

পশ্চিমবঙ্গ সামাজিক নিরীক্ষা বিভাগ
বীরভূম জেলা সামাজিক নিরীক্ষা দপ্তর
সিউডি : বীরভূম

গ্রাম সম্পদ কর্মী (V.R.P) চয়ন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞপ্তি দেওয়া যাইতেছে যে, আগামী ফেব্রুয়ারী-মার্চ ২০১৭ তে বীরভূম জেলার বোলপুর-শ্রীনিকেতন, রামপুরহাট-২, নানুর এবং নলহাট-১ ব্লকের সমস্ত গ্রাম পঞ্চায়েতে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্প (MGNREGS), ইন্দিরা আবাস যোজনা (IAY) এবং জাতীয় সামাজিক সহায়তা কর্মসূচী প্রকল্পের (NSAP) সামাজিক নিরীক্ষার জন্য গ্রাম সম্পদ কর্মী (VRP) মৌখিক পরীক্ষার মাধ্যমে চয়ন করা হবে।

গ্রাম সম্পদ কর্মী হিসাবে নিযুক্ত হওয়ার জন্য নিম্নলিখিত যোগ্যতামান সম্পন্ন, বাড়ি বাড়ি ঘুরে কাজ করতে ইচ্ছুক প্রার্থীদের সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ে এই বিজ্ঞপ্তি প্রকাশ হইতে ২৫/১১/২০১৬ তারিখে বিকাল ৪ টার মধ্যে সমস্ত নথি সহ আবেদন পত্র জমা করার জন্য বলা হচ্ছে। ইচ্ছুক প্রার্থীদের আবশ্যিক সংশ্লিষ্ট ব্লকের স্থায়ী বাসিন্দা হতে হবে অন্য ব্লকের ব্যক্তির আবেদন করতে পারবে না। মৌখিক পরীক্ষার জন্য মনোনীত প্রার্থীদের নামের তালিকা সহ মৌখিক পরীক্ষার তারিখ ও স্থান ১৪/১২/২০১৬ তারিখে www.birbhum.nic.in সাইটে এবং সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রকাশিত হবে।

যোগ্যতামান :-

ক) আবশ্যিক যোগ্যতা :

- ১) বয়স ০১/০৬/২০১৬ অনুযায়ী ১৮ বৎসরের উর্ধ্বে ।
- ২) ন্যূনতম দশম শ্রেণী উত্তীর্ণ হতে হবে ।
- ৩) এলাকায় ঘুরে ঘুরে কাজ করতে সমর্থ হতে হবে।
- ৪) আবেদনকারী কোনো ভাবেই জনপ্রতিনিধি ও রূপায়নকারী সংস্থার সাথে যুক্তব্যক্তি বা সুপারভাইজার হবেন না।
- ৫) আবেদনকারী কোনোভাবেই সরকারী বা বেসরকারী ক্ষেত্রে কোনো কাজে পূর্ণ সময়ের জন্য যুক্ত থাকলে বিবেচিত হবেন না।

খ) কাঙ্ক্ষিত যোগ্যতা :


- ১) পরিবারে জব কার্ড থাকলে বা আবেদনকারী জব কার্ডে কাজ করে থাকলে অগ্রাধিকার পাবেন।
- ২) মহিলা এবং অনগ্রসর শ্রেণীভুক্ত হলে অগ্রাধিকার পাবেন।
- ৩) জলবিভাজিকা ব্যবস্থাপনা কমিটি, ভিলেজ এডুকেশন কমিটি, স্বনির্ভর গোষ্ঠী, গ্রামস্তরে কর্মরত স্বৈচ্ছাসেবী সংস্থা, নেহেরু যুব কেন্দ্র এবং ভারত নির্মাণ স্বৈচ্ছাসেবক দের অগ্রাধিকার দেওয়া হবে।

আবেদনকারীকে আবেদন পত্রের সঙ্গে নিম্নলিখিত নথিপত্র দিতে হবে (স্বপ্রত্যয়িত নকল) :-

- ১) শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র (মার্কশীট ও সার্টিফিকেট) ।
- ২) বয়সের প্রমাণ পত্র (মাধ্যমিকের অ্যাডমিট) ।
- ৩) স্থায়ী বাসিন্দা প্রমাণ পত্র (গ্রাম পঞ্চায়েত প্রধানের সার্টিফিকেট) ।
- ৪) পরিবারের বা নিজের জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পের জব কার্ডের নাম ও ছবি সম্বলিত পাতার জেরস্ব।
- ৫) অভিজ্ঞতা শংসাপত্র (প্রযোজ্য হলে) ।
- ৬) একটি পাসপোর্ট মাপের ছবি আবেদন পত্রের নির্দিষ্ট স্থানে লাগিয়ে দিতে হবে।

বিঃ দ্রঃ :-

- ১) নিয়োগ সংক্রান্ত ব্যাপারে বীরভূম জেলা সামাজিক নিরীক্ষা বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে ।
- ২) উক্ত নিয়োগকে কোনোভাবেই স্থায়ী বা অস্থায়ী চাকুরির জন্য দাবী করা যাবে না ।
- ৩) আবেদন পত্র সংশ্লিষ্ট ব্লক, গ্রাম পঞ্চায়েত কার্যালয় সহ বীরভূম জেলার ওয়েবসাইটে (www.birbhum.nic.in) পাওয়া যাবে ।
- ৪) সমস্ত নথির আসল কপি গুলি পরীক্ষার দিন আনতে হবে ।
- ৫) এই পদের জন্য, জাতীয় গ্রামীণ কর্মসংস্থান সুনিশ্চিতকরণ প্রকল্পের, দক্ষ শ্রমিকের, মজুরী অনুযায়ী পারিশ্রমিক দেওয়া হবে ।
- ৬) আসন্ন সামাজিক নিরীক্ষার কাজ বছরে সর্বাধিক ১০ দিনের জন্য কাজ দেওয়া হবে।
- ৭) নির্বাচিত ব্যক্তিগন নিজ গ্রাম পঞ্চায়েত এলাকায় কাজ করতে পারবেন না।
- ৮) প্রতিটি গ্রাম পঞ্চায়েতের জন ১০ জন করে গ্রাম সম্পদ কর্মী (V.R.P) নিযুক্ত হবে ।


আতিরিক্ত জেলাশাসক,
সামাজিক নিরীক্ষা বিভাগ, বীরভূম

গ্রাম সম্পদ কর্মী (VRP) চয়নের আবেদন পত্র

ক্রমিক সংখ্যা (অফিসে ব্যবহারের জন্য) :

১) আবেদনকারীর নাম (বাংলায়) :

Name in English (Bock Letter) :

২) পিতা/মাতা/স্বামীর নাম (বাংলায়) :

Father/Mother/Husband's name in English:

৩) লিঙ্গ :

৪) জন্ম তারিখ :

৫) আবেদনকারীর ঠিকানা : গ্রাম :

পোস্ট অফিস :

গ্রাম পঞ্চায়েত :

ব্লক :

থানা :

জেলা :

পিন কোড :

৬) আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : (শিক্ষাগত যোগ্যতার প্রমাণ পত্র -মার্কশীট ও সার্টিফিকেট স্বপ্রত্যয়িত নকল জমা দিতে হবে)

পরীক্ষার নাম	সাল	বোর্ড/বিশ্ববিদ্যালয়	মোট প্রাপ্ত নম্বর	শতকরা নম্বর
মাধ্যমিক				
উচ্চমাধ্যমিক				
স্নাতক				
অন্যান্য				

৭) তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণীভুক্ত (হ্যাঁ বা না)
(হ্যাঁ হলে শংসাপত্রের স্বপ্রত্যয়িত নকল জমা দিতে হবে) :

৮) আবেদনকারীর সামাজিক নিরীক্ষার কাজের অভিজ্ঞতা (হ্যাঁ বা না) :
(হ্যাঁ হলে শংসাপত্রের স্বপ্রত্যয়িত নকল জমা দিতে হবে)

৯) আবেদনকারীর জব কার্ড থাকলে জব কার্ড নম্বর :
(জব কার্ড থাকলে জব কার্ডের নাম ও ছবি সম্বলিত পাতার জেরক্স জমা দিতে হবে)

১০) আবেদনকারীর মোবাইল নম্বর :

এতদ্বারা, আমি স্বজ্ঞানে ঘোষণা করছি যে, উপরোক্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সত্য, অন্যথায় আমার আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

তারিখ :

স্থান :

আবেদনকারীর স্বাক্ষর